যুগান্তর

তারিখ ... 24. MAY. 2016. ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# শিক্ষানীতি বাতিলের দাবিতে সিদ্ধিরগঞ্জে মিছিল

**সিদ্ধিরগঞ্জ প্রতিনিধি**

জাতীয় শিক্ষানীতি-২০১০ বাতিল, শিক্ষা আইন-২০১৬ সংশোধন এবং পাঠ্যসূচিতে ব্রাহ্মণ্যবাদ ও নাস্তিকতা রুখতে ২৭ মে ঢাকায় ঘোষিত মহাসমাবেশ সফল করতে মিছিল করেছে নারায়ণগঞ্জ মহানগর ও সিদ্ধিরগঞ্জ থানা ই'শা আন্দোলনের নেতাকর্মীরা। সোমবার দুপুর ১টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সিদ্ধিরগঞ্জের শিমরাইল মোড় এলাকায় এ মিছিল করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ নারায়ণগঞ্জ মহানগরের সভাপতি সামসুল আলম বাদল, সিদ্ধিরগঞ্জ থানা শাখার সভাপতি মো. বিল্লাল হোসেন, সেক্রেটারি ডা. সাইফুল ইসলাম ও শ্রমিক আন্দলোনে নেতা রেকমত আলী দেয়ান প্রমুখ।